# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সাদাকার মাল ভক্ষন করা হারাম হওয়ার ক্ষেত্রে মুত্তালিব ও হাশিমের সন্তানগণ সমান মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ أَوْلَادَ الْمُطَّلِبِ وَأَوْلَادَ هَاشِمٍ يَسْتَوُونَ فِي تَحْرِيمِ الصَّدَقَةِ عَلَيْهِمْ

---

আরবী

3286 ـ أخبرني مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنَا يُونُسُ عَنِ الزُّهْرِيِّ قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ أَنَّ جُبَيْرَ بْنَ مُطْعَمٍ أَخْبَرَهُ: أَنَّهُ جَاءَ هُوَ وَعُثْمَانُ بْنُ عَفَّانَ رَسُولَ اللَّهِ يُكَلِّمَانِهِ فِيمَا قَسَمَ مِنْ خُمس خَيْبَرَ لِبَنِي هَاشِمٍ وَبَنِي الْمُطَّلِبِ ابْنَيْ عَبْدِ مناف وقرابتهم مثل قرابتهم فقالا: يارسول اللَّهِ قَسَمْتَ لِإِخْوَانِنَا بَنِي الْمُطَّلِبِ وَبَنِي هَاشِمٍ ابْنَيْ عَبْدِ مَنَافٍ وَلَمْ تُعْطِنَا شَيْئًا فَقَالَ لَهُمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَمَا إِنَّ هَاشِمًا وَالْمُطَّلِبَ شَيْءٌ وَاحِدٌ)
قَالَ جُبَيْرُ بْنُ مُطْعَمٍ: وَلَمْ يَقْسِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِبَنِي عَبْدِ شَمْسٍ وَلَا لِبَنِي نَوْفَلٍ مِنْ ذَلِكَ الْخُمُسِ شَيْئًا كما قسم لبني هاشم وبني المطلب
الراوي : سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3286 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (1242): خ.

বাংলা

৩২৮৬. সাঈদ বিন মুসাইয়্যিব থেকে বর্ণিত, তিনি বলেন, জুবাইর বিন মুতইম রাদ্বিয়াল্লাহু আনহু তাকে হাদীস বর্ণনা করেছেন যে, তিনি এবং উসমান বিন আফফান রাদ্বিয়াল্লাহু আনহুমা একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন, তিনি যে খাইবার যুদ্ধের গনীমতের এক-পঞ্চমাংশ বানু হাশিম ও বানু মুত্তালিবের বংশধরদের জন্য বন্টন করেন- সেই বিষয়ে কথা বলার জন্য। অথচ তারা তাদের মতই নিকটতম। তারা দুইজন বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আবদে মানাফের দুই পুত্র হাশিম ও মুত্তালিবের সন্তানদের জন্য ভাগ দিয়েছেন অথচ আপনি আমাদেরকে কিছুই দেননি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের বলেন, “নিশ্চয়ই হাশিম ও মুত্তালিব একই।”

জুবাইর বিন মুতয়িম রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বানু আবদে শামস ও বানু নাওফেলের জন্য কোন ভাগ প্রদান করেননি, যেভাবে তিনি বানু হাশিম ও বানু মুত্তালিবের সন্তানদের জন্য ভাগ প্রদান করেছিলেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৮৩; সহীহুল বুখারী: ৪২২৯; আবূ দাঊদ: ২৯৭৮; নাসাঈ: ৭/১৩০; ইবনু মাজাহ: ২৮৮১; তাবারানী: ১৫৯৩; সুনান বাইহাকী: ২/১৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92617

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন